# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 APRIL 2025 7:45—7:55 PM IST**

==========================================================

আসাম রাজ্য শিক্ষা পর্ষদের অধীন মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ ঘোষনা করা হয়েছে । এবারের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্নের হার হচ্ছে ৬৩ দশমিক ৯-৮ শতাংশ । পরীক্ষায় অবতীর্ন ৪ লক্ষ ২২ হাজার ৭৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৯ হাজার ৪১ জন পরীক্ষার্থী প্রথম বিভাগে , এক লক্ষ ৩৫ হাজার ৫৬৮ জন দ্বিতীয় বিভাগে ও ৪৫ হাজার ৮৬২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ন হয়েছে । মাধ্যমিক পরীক্ষায় যোরহাট জেলার প্রজ্ঞা একাডেমী সিনিয়র সেকেন্ডারী স্কুলের আমিষি শইকীয়া ৯৮ দশমিক ৫-০ শতাংশ লাভ করে রাজ্যের মধ্যে প্রথম স্থান লাভ করেছে ।কামরুপ মহানগরের নুনমাটির আসাম জাতীয় বিদ্যালয়ের সপ্তার্শ বরদলৈ ৯৮ দশমিক ৩-৩ শতাংশ পেয়ে দ্বিতীয় স্থান ও যোরহাটের প্রজ্ঞা একাডেমী সিনিয়র সেকেন্ডারী স্কুলের অনির্বান বরগোহাই ৯৮ দশমিক ১-৭ শতাংশ পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে । উত্তীর্ন শিক্ষার্থীদের মার্কশিটের হার্ড কপি তথা প্রমান পত্র প্রদানের দিন পরবর্তী সময়ে ঘোষনা করা হবে ।

ফলাফল ঘোষনার পর শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু ধেমাজিতে এক সাংবাদিক সম্মেলনে পরীক্ষায় উত্তীর্ন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন ।ডা: পেগু পরীক্ষা পরিচালনার সংগে জড়িত সকলকে ধন্যবাদ জানিয়ে উত্তীর্নের হার নিম্নগামী হোয়া জেলাগুলির আয়ুক্তকে এই বিষয়টি পর্যালোচনা জন্য আহ্বান জানিয়েছেন ।

ডা: পেগু বলেন====
বাইট

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , হাইলাকান্দি ও শ্রীভূমি জেলার ফলাফল ততটা

আশানুরুপ হয়নি । বিশেষ করে শ্রী ভূমি জেলার পাশের হার অন্যান্য বছরের তুলনায় যথেষ্ট কম ।

কাছাড় জেলায় চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় মোট ২৫ হাজার ৬৩১ জন পরীক্ষার্থী অবতীর্ন হয়েছিল এর মধ্যে ১৩ হাজার ২২১ জন পরীক্ষার্থী উত্তীর্ন হয়েছে । উত্তীর্নের হার হচ্চে ৫১ দশমিক ৫৮ শতাংশ । প্রথম বিভাগে ৪ হাজার ৫০৬ জন , দ্বিতীয় বিভাগে ৬ হাজার ৫১৯ ও তৃতীয় বিভাগে ১ হাজার ৯৫৭ জন উত্তীর্ন হয়েছে ।

হাইলাকান্দি জেলার মোট ৯ হাজার ৮১৫ জন ছাত্র ছাত্রী পরীক্ষায় অবতীর্ন হয়েছিল ।এর মধ্যে ৫ হাজার ৭৩০ জন উত্তীর্ন হয়েছে । উত্তীর্নের হার হচ্ছে ৫৮ দশমিক ৩৮ শতাংশ । প্রথম বিভাগে ১ হাজার ৭৯৪ জন , দ্বিতীয় বিভাগে ২ হাজার ৮৮৩ জন তৃতীয় বিভাগে ৮৮২ জন উত্তীর্ন হয়েছে ।

শ্রী ভূমি জেলায় মোট ১৭ হাজার ১৩ জন পরীক্ষার্থী অবতীর্ন হয়েছিল । এর মধ্যে ৮ হাজার ১৬০ জন উত্তীর্ন হয়েছে ।উত্তীর্নের হার ৪৭ দশমিক ৯৬ শতাংশ । প্রথম বিভাগে ২ হাজার ৫৮২ জন , দ্বিতীয় বিভাগে ৩ হাজার ৬৮৬ জন । ও তৃতীয় বিভাগে ১ হাজার ৬৩৯ জন উত্তীর্ন হয়েছে ।

---

রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য মনোনয়ন দাখিল প্রক্রিয়া আজ বিকেল তিনটায় শেষ হয়েছে ।আজ শেষ দিনে বেশ কয়েকজন প্রার্থী তাদের মনোয়নপত্র দাখিল করেন ।

আগামী দোসরা মে অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র জমা দেবার আজ শেষ দিনে কাছাড় জেলার বিভিন্ন রাজনৈতিক দলের আঞ্চলিক পঞ্চায়েত ও জেলা পরিষদ প্রার্থীরা মিছিল ও স্লোগানের মাধ্যমে তাঁদের মনোনয়নপত্র জমা করেছেন । মিত্র জোট বিজেপি ও অগপ সহ বিরোধী দল কংগ্রেস ,তৃণমূল কংগ্রেস ও বামপন্থী দলের পাশাপাশি বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকার নির্দল প্রার্থীরা শহরের বিভিন্ন বিদ্যালয় ও সরকারী কার্যালয়ে মনোনয়নপত্র জমা দিয়েছেন । শাসক দলের পক্ষে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী ,জেলা বিজেপি সভাপতি রূপম সাহা ,প্রাক্তন বিধায়ক দিলীপ পাল সহ দলের অন্য নেতারা আজ মনোনয়নপত্র জমা দেবার শেষ দিনেও দলীয় প্রার্থীদের সঙ্গে ছিলেন ।
এদিকে শিলচর জেলা পরিষদ কার্যালয়ে কংগ্রেস দলের প্রার্থীরা আজ মনোনয়নপত্র দাখিল করেন । ভুবনেশ্বর-শ্রীকোণা জেলা পরিষদ দলের মনোনীত প্রার্থী ফরিদা পারভিন ও রংপুর জেলা পরিষদের মনোনীত প্রার্থী জামিমা ইয়াসমিন মজুমদার , কাটিগড়ার

লক্ষীপুর জেলা পরিষদের প্রার্থী বর্ণালী মালাকার ,বাগপুর-সোনাবাড়িঘাট আসমে রুমি বেগম মজুমদার সহ অনেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমিতে মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিনে বিজেপি ,কংগ্রেস ,অসম গণ পরিষদ ,বিভিন্ন রাজনৈতিক দল সহ নির্দল প্রার্থীরা তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন । পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের চারটি জেলা পরিষদ আসনের জন্য বিজেপি মনোনীত প্রার্থীদের মনোনয়নপত্র আজ মন্ত্রী কৃষ্ণেন্দু পালের উপস্থিতিতে জমা দেওয়া হয়েছে । এদিকে রামকৃষ্ণ নগর আসনের অধীন দুর্লভছড়া ,চেরাগী ,ভৈরবনগর এবং আনিপুর জেলা পরিষদ আসনের জন্য ভারতীয় জাতীয় কংগ্রেসের চারজন প্রার্থী তাদের মনোননপত্র জমা দিয়েছেন । এছাড়া আজ দক্ষিণ শ্রীভূমি আসনের নিলামবাজার এবং লক্ষীবাজার জেলা পরিষদের জন্য নীলোপা বেগম এবং বিপ্লব দাস তাদের মনোনয়ন জমা করেছেন ।

এদিকে নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য বিভিন্ন জেলা প্রশাসন ও রাজ্য নির্বাচন কমিশন প্রস্তুতি অব্যাহত রাখা সহ বিভিন্ন রাজনৈতিক দলগুলির মধ্যেও তৎপরতা বৃদ্ধি পেয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট কর্তৃপক্ষ এবং বিচারপতির উদ্দেশ্যে বিরূপ মন্তব্য করার অভিযোগ তুলে আসাম সরকারের মহাধিবক্তা দেবজিৎ শইকিয়ার করা দুটি মানহানির মামলা আজ বিচারের জন্য গ্রহন করা হয়েছে। হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণো এবং বিচারপতি উন্নীকৃষণ নায়ারের ডিভিশন বেঞ্চ আজ মানহানির মামলার ভিত্তিতে তিনজন অধিবক্তাকে নির্দেশ জারী করেছে। তিনজন অধিবক্তাকে আগামী তেরো মে-র মধ্যে উত্তর দেবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হাইকোর্ট সেইসঙ্গে বিরূপ মন্তব্য সম্বলিত ভিডিও ইউটিউব ছাড়াও এক বৈদ্যুতিন চ্যানেল থেকে সরিয়ে দিতে এবং ভিডিওগুলি সরিয়ে দেওয়া নিশ্চিত করতে নির্দেশ দিয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের ভাষা বিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নর্থ টেক্সাস বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের সহযোগীতায় আজ থেকে বিশ্ববিদ্যালয়ে উত্তর-পূর্ব ভারতের আদিবাসী সম্প্রদায়ের ভাষা ডকুমেন্টেশন ও ডিজিটেল আর্কাইভ বিষয়ের উপর তিন দিনের আর্ন্তজাতিক কর্মশালা শুরু হয়েছে । কর্মশালায় উত্তর-পূর্ব ভারতের আদিবাসী সম্প্রদায়ের জন্য মুকুরতু ব্যবহার করে ভাষা ডকুমেন্টেশন এবং

ডিজেটেল আর্কাইভিং-এর উপর আলোচনা করা হচ্ছে । কর্মশালায় নর্থ টেক্সাস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ক্রিষ্টিনা ওয়াসন মূল প্রশিক্ষক হিসেবে অংশগ্রহন করেছেন । এছাড়া কর্মশালায় ডিমাসা , মণিপুরী , হ্রানখাল , রংলং , তাংখুল , রাই , কোকবরক ,তেলেগু , অসমীয়া এবং বাংলা ভাষা কর্মীরা অংশগ্রহন করছেন ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলা কমিশনারের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে । এই কন্ট্রোল রুমের ফোন নম্বর হচ্ছে ০৩৮৪৪-২৯৫০৪৬ এবং টোল ফ্রি নম্বর ১৮০০-৩৪৫-৩৯৬৭ জনসাধারণকে প্রয়োজনে এই কন্ট্রোলরুমে পঞ্চায়েত নির্বাচন সংক্রান্ত খবরাখবর এবং অভিযোগ জানাতে প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা , বাকস আয়োজিত মিডিয়া ক্রিকেট ফেষ্ট-২০২৫ এর সেমি-ফাইনালে উঠেছে অটল প্রেস ফাইটারর্স , হাইলাকান্দি খবর হিরোজ , নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স এবং বরাক বুলেটিন প্রেস স্ট্রাইকার্স ।
স্থানীয় সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের প্রথম খেলায় প্যারামাউন্ট মিডিয়া চ্যালেঞ্জার পরাজিত করে বরাক বুলেটিন প্রেস স্টাইকার্স দলকে এবং দিনের দ্বিতীয় খেলায় হাইলাকান্দি খবর হিরোজ পরাজিত করে শিলচর নিউজ রকার্সকে ।

---------------------------------------------------------------------------------------